জাতীয় সম্পদ গ্যাসের অপচয় রোধ ক'রে জাতীয় দায়িত্ব পালন করুন।

বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার।

# বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
# Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla)

নং- ২১.৩৪.০২(অংশ)/২৭৭

তারিখঃ ৩১ -০৭-২০১৬

বিষয়ঃ পেট্রোবাংলা ও বিপিসির আওতাধীন কোম্পানীসমূহে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের প্রান্তিক সুবিধা (Fringe Benifits) সম্পর্কে সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির নির্দেশনা মোতাবেক Rationale করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পত্র নং-২৮.০০.০০০০.০২৯.০১.০১.১৫/২০৩, তারিখঃ ১৮-০৭-২০১৬ এর অনুলিপি (সংযুক্তিসহ) সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

| | |
|---|---|
| মহাব্যবস্থাপক প্রশাসন | |
| কোম্পানী সচিব | |
| প্রকল্প পরিচালক | |
| ব্যবস্থাপক (সমন্বয়) | |
| তারিখঃ | সময়ঃ |

(মোঃ মুজিবুর রহমান)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক।

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, চট্টগ্রাম।
২। ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড, খুলনা।
৫। ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, ঢাকা।
৬। ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড, দিনাজপুর।
৭। ব্যবস্থাপনা পরিচালক, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড, দিনাজপুর।
৮। ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড, সিলেট।
৯। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড, ঢাকা।
১০। ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, কুমিল্লা।
১১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড, ব্রাহ্মণবাড়িয়া।
১২। ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস টি এন্ড ডি সিস্টেম লিমিটেড, সিলেট।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড, নলকা, সিরাজগঞ্জ।

অনুলিপিঃ

১। সচিব, পেট্রোবাংলা, ঢাকা
২। মহাব্যবস্থাপক (হিসাব/ সংস্থাপন), পেট্রোবাংলা, ঢাকা।
৩। ব্যবস্থাপক (সমন্বয়), চেয়ারম্যান শাখা, পেট্রোবাংলা, ঢাকা।
৪। পি এ টু পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা, ঢাকা।

| প্রশাসন বিভাগ | |
|---|---|
| উপ-মহাব্যবস্থাপক (পার্সোনাল) | |
| উপ-মহাব্যবস্থাপক (সংস্থাপন) | ✓ |
| উপ-মহাব্যবস্থাপক (সেবা) | |
| উপ-মহাব্যবস্থাপক (ক্রয়) | |
| উপ-মহাব্যবস্থাপক (ভান্ডার) | |
| উপ-মহাব্যবস্থাপক (ম্যানেজমেন্ট) | |
| উপ-মহাব্যবস্থাপক (চিকিৎসা) | |
| উপ-ব্যবস্থাপক (প্রশাসন) | |

DM (AD)-2

LETTER ME PAD

PETROCENTRE, 3 Kawran Bazar C/A, Dhaka 1215, GPO Box 849, Cable : Petrobangla, PABX : 9121010-16, 9121035-41; Fax : 88-02-9120224, website : www.petrobangla.org.bd E-mail : petchair@petrobangla.org.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ
অপারেশন-৪ শাখা
www.emrd.gov.bd

স্মারক নং-২৮.০০.০০০০.০২৯.০১.০১.১৫/২০৬

তারিখ: ৩ শ্রাবণ, ১৪২৩ বঙ্গাব্দ
১৮ জুলাই, ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়: পেট্রোবাংলা ও বিপিসির আওতাধীন কোম্পানীসমূহে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের প্রান্তিক সুবিধা (Fringe Benefits) সম্পর্কে সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির নির্দেশনা মোতাবেক Rationale করণ প্রসঙ্গে

নবম জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৫৫তম সভায় বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)'র অধীনস্থ কোম্পানীসমূহে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের প্রান্তিক সুবিধাদি যুক্তিসঙ্গত করার নির্দেশনা প্রদান করা হয় (কপি সংযুক্ত)। উক্ত নির্দেশনায় আরো উল্লেখ করা হয় যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিবের নেতৃত্বে অর্থ বিভাগ এবং আইন ও বিচার বিভাগের প্রতিনিধি সমন্বয়ে উক্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে। সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির নির্দেশনা মোতাবেক পেট্রোবাংলা এবং বিপিসির অধীনস্থ কোম্পানীসমূহের কর্মকর্তা ও কর্মচারীগণের প্রান্তিক সুবিধাদি যৌক্তিকিকরণের জন্য নির্দেশনা মোতাবেক উক্ত কমিটি প্রস্তাবনা প্রস্তুত করে। ১০ম জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ১৩তম সভায় উল্লিখিত প্রান্তিক সুবিধাদি Rationale করণের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির সিদ্ধান্ত মোতাবেক সংশ্লিষ্ট কমিটি কর্তৃক প্রস্তাবিত প্রান্তিক সুবিধাদি সংশ্লিষ্ট কোম্পানীসমূহের স্ব-স্ব বোর্ডের বিবেচনার জন্য পেট্রোবাংলা এবং বিপিসিতে প্রেরণ করা হয়।

২। প্রান্তিক সুবিধাদির প্রণীত প্রস্তাব বিপিসি এবং পেট্রোবাংলার অধীনস্থ কোম্পানীসমূহের স্ব-স্ব বোর্ড অনুমোদন করে যার সাথে পেট্রোবাংলা এবং বিপিসি একমত পোষণ করেছে। পেট্রোবাংলা এবং বিপিসির কোম্পানীসমূহের স্ব-স্ব বোর্ড কর্তৃক অনুমোদিত প্রান্তিক সুবিধাদি অর্থ বিভাগের প্রতিনিধি এবং বাণিজ্যিক অডিট অধিদপ্তরের মহাপরিচালকের উপস্থিতিতে অনুষ্ঠিত সভায় চূড়ান্ত করা হয়েছে। উক্ত Rationale কৃত প্রান্তিক সুবিধাদি পত্র জারির পরে থেকে বিপিসি এবং পেট্রোবাংলার কোম্পানীসমূহের কর্মকর্তা ও কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৩। এমতাবস্থায়, Rationale কৃত প্রান্তিক সুবিধাদি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(মোহাম্মদ আলী)
সহকারী সচিব
ফোন: ৯৫৪০২৬৯
e-mail : *emrdop2@gmail.com*

বিতরণ:

১। চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, চট্টগ্রাম
২। চেয়ারম্যান, পেট্রোবাংলা, কাওরান বাজার, ঢাকা
৩। মহাপরিচালক, বাণিজ্যিক অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি:

১। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সভাপতির একান্ত সচিব, জাতীয় সংসদ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা
২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
৩। হিসাব মহা নিয়ন্ত্রক মহোদয়ের একান্ত সচিব, সেগুনবাগিচা, ঢাকা
৪। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৫। অতিরিক্ত সচিব (প্রশা/অপা) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৬। যুগ্ম-সচিব (অপারেশন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৭। উপসচিব (অপারেশন-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

## পেট্রোবাংলার অধীনস্থ কোম্পানীর Rationale কৃত প্রান্তিক সুবিধাদি

| ক্রমিক নং | বিবরণ | প্রাপ্য সুবিধা |
|---|---|---|
| ১ | ছুটিভোগ সহায়তা (এল এফ এ): (কর্মকর্তা) | পেট্রোবাংলার আওতাধীন কোম্পানীসমূহের কর্মকর্তাগণ প্রতি বছর ১ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এবং ৭ দিনের অর্জিত ছুটি। |
| ২ | ছুটিভোগ সহায়তা (এল এফ এ): (কর্মচারী) | পেট্রোবাংলার আওতাধীন কোম্পানীসমূহের কর্মচারীগণ প্রতি বছর ১ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এবং ৭ দিনের অর্জিত ছুটি। |
| ৩ | লিভারিজ | পেট্রোবাংলার অধীনস্থ কোম্পানীগুলোর কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে গ্রীষ্মকালীন: ২টি সার্ট, ২টি প্যান্ট, সেলাই মজুরীসহ ২ জোড়া জুতা। শীতকালীন: সেলাই মজুরীসহ ১ সেট স্যুট এবং কর্মচারীদের ১টি ছাতা ১ বছর অন্তর। মহিলা কর্মকর্তা/কর্মচারী গ্রীষ্মকালীন ২টি শাড়ী, ২ জোড়া জুতা এবং শীতকালীন ১টি শাল (১ বছর অন্তর)। স্পেশাল লিভারিজঃ গাম্বুট, রেইন কোট, ১টি ছাতা শুধুমাত্র ফিল্ডের কাজের জন্য, তবে নগদ অর্থ দেয়া যাবে না। |
| ৪ | আসবাবপত্র/বৈদ্যুতিক সরঞ্জামাদি | পেট্রোবাংলার আওতাধীন কোম্পানীসমূহের সকল এমডি ও সিঃ/স্পেশাল জিএম/জিএমগণ ২০,০০০/-(বিশ হাজার) টাকা সমগ্র চাকুরী জীবনে একবার (অফেরতযোগ্য)। |
| ৫ | গ্যাস সুবিধা | পেট্রোবাংলার সকল কোম্পানীর কর্মকর্তা ও কর্মচারীগণ দুই বার্ণার চুলা অথবা সমপরিমাণ অর্থ। |
| ৬ | টেলিফোন সুবিধা | পেট্রোবাংলার কোম্পানীগুলোর এমডি প্রকৃত খরচ, জিএম সর্বোচ্চ ১০০০/-, (এক হাজার) ডিজিএম সর্বোচ্চ ৮০০/-(আটশত), ব্যবস্থাপক সর্বোচ্চ ৭০০/-(সাতশত) টাকা। |
| ৭ | মোবাইল সুবিধা | পেট্রোবাংলার আওতাধীণ কোম্পানীগুলোর এমডি প্রকৃত বিল, জিএম সর্বোচ্চ ১,৫০০/-(এক হাজার পাঁচশত), ডিজিএম সর্বোচ্চ ১,২০০/-(এক হাজার দুইশত), ব্যবস্থাপক ৮০০/-(আটশত) ,উপ-ব্যবস্থাপক ৬০০/-(ছয়শত) টাকা। |
| ৮ | গাড়ী ব্যবহার সুবিধা | পেট্রোবাংলার আওতাধীন কোম্পানীসমূহের এমডি সার্বক্ষণিক গাড়ী ও প্রকৃত জ্বালানী খরচ, জিএম, ডিজিএম, সার্বক্ষণিক গাড়ী ও জ্বালানী খরচ দৈনিক ৭ লিটার/মাসিক ৩০০ (তিনশত) সিএফটি গ্যাস সুবিধা। |
| ৯ | এয়ারকুলার | পেট্রোবাংলার সকল কোম্পানীর এমডি ২টি (সর্বোচ্চ ৭৫,০০০/-(পচাত্তর হাজার), সমগ্র চাকুরী জীবনে একবার) জিএম ও সিনিয়র জিএম ১টি করে (সর্বোচ্চ ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা সমগ্র চাকুরী জীবনে একবার)। |

২১-৭/১৬

মোহাম্মদ আলী
সহকারী সচিব
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Foreign Ministry



| ক্রমিক নং | বিবরণ | প্রাপ্য সুবিধা |
|---|---|---|
| ১০ | লাঞ্চ সাবসিডি | পেট্রোবাংলার অধীন কোম্পানীসমূহের কর্মকর্তা ও কর্মচারীগণ মিল সাবসিডি ভাতা হিসাবে হাজিরার ভিত্তিতে যথাক্রমে দৈনিক ৫০/-(পঞ্চাশ) ও ৪০/-(চল্লিশ) টাকা হারে। ছুটির দিনে অফিসে কাজ করলে কর্মকর্তা ও কর্মচারী যথাক্রমে ৭০/-(সত্তর) ও ৫০/-(পঞ্চাশ) টাকা (সকল কোম্পানীর ক্ষেত্রে)। তবে মেসিং এলাউন্স প্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীরা এ সুবিধা পাবেন না। |
| ১১ | আপ্যায়ন ভাতা | পেট্রোবাংলার সকল কোম্পানীর এমডি মাসিক ১০০০/-(এক হাজার), জিএম মাসিক ৬০০/- (ছয় শত), ডিজিএম মাসিক ৫০০/-(পাঁচ শত) টাকা ও প্রযোজ্য ক্ষেত্রে অফিস প্রধানকে মাসিক ৪০০/- (চার শত) টাকা প্রদান করা যেতে পারে। |
| ১২ | খাবার+চা/নাস্তা ভাতা | পেট্রোবাংলার সকল কোম্পানীর শুধু কর্মচারীগণ দৈনিক ২০/- (বিশ) টাকা টিফিন ভাতা। |
| ১৩ | ধোলাই ভাতা | পেট্রোবাংলার আওতাধীন কোম্পানীসমূহে পোষাক/ইউনিফরম প্রাপ্ত সকল কর্মকর্তা/কর্মচারীগণ ধোলাই ভাতা মাসিক ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা হারে। |
| ১৪ | পারিবারিক চিকিৎসা ভাতা | পেট্রোবাংলার ক্ষেত্রে যে প্রতিষ্ঠানে চিকিৎসা সুবিধা বিদ্যমান আছে সেখানে (মা, বাবা, স্ত্রী ও নির্ভরশীল সন্তানদের) মাসিক সর্বোচ্চ ৭০০ (সাতশত) টাকার সমপরিমাণ চিকিৎসা সুবিধা (নগদে প্রদেয় নয়)। যেখানে সুবিধা বিদ্যমান নেই সেখানে মাসিক ৫০০/-(পাঁচশত) টাকা। |
| ১৫ | ভৃত্য ভাতা | পেট্রোবাংলার সকল কোম্পানীর ভৃত্য ভাতা, সুইপার ভাতা, মালি ভাতা, দারোয়ান ভাতা, কুক ভাতা, বেয়ারা ভাতাদি ডোমেস্টিক এইড ভাতা নামে অভিহিত হবে যা এমডি মাসিক ১৫০০/- (এক হাজার পাঁচশত), জিএম মাসিক ১২০০/-(এক হাজার দুইশত) ডিজিএম মাসিক ১০০০/-(এক হাজার) প্রাপ্য হবেন। |
| ১৬ | খনি ভাতা/মাইনিং এলাউন্স | খনি এলাকায় কর্তব্যরত বড়পুকুরিয়া কোল মাইনিং কোং লিঃ (বিসিএমসিএল) এর স্থায়ী কর্মকর্তা/কর্মচারীদেরকে মূল বেতনের ৪০% এবং মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোং লিঃ (এমজিএমসিএল) এর স্থায়ী কর্মকর্তা/কর্মচারীদেরকে মূল বেতনের ৩০% খনি ভাতা । তবে লিঁয়াজো অফিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ এ সুবিধা পাবেন না। |
| ১৭ | ভূ-গর্ভস্থ ভাতা | (ক) বড়পুকুরিয়া কোল মাইনিং কোং লিঃ এবং মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোং লিঃ এর ভূ-গর্ভস্থ কাজের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ(ভূ-গর্ভে প্রবেশ এবং বহির্গমন রেজিস্টারে এন্ট্রি অনুযায়ী) কোম্পানীতে বর্তমানে প্রচলিত ভূ-গর্ভস্থ ভাতা প্রাপ্য হবেন।<br><br>(খ) এছাড়া অন্য কোন কর্মকর্তা/কর্মচারী ভূ-গর্ভে গমনের প্রয়োজন হলে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে (ভূ-গর্ভে প্রবেশ এবং বহির্গমন রেজিস্টারে এন্ট্রি করতঃ) তাঁদের মূল বেতনের দৈনিক হিসাব অনুযায়ী ৫০% হারে ভূ-গর্ভস্থ ভাতা প্রাপ্য হবেন। |

২৮/৭/১৬
মোহাম্মদ আলী
সহকারী সচিব
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| ক্রমিক নং | বিবরণ | প্রাপ্য সুবিধা |
|---|---|---|
| ১৮ | হেল্‌থহ্যাজার্ড এলাউন্স | শুধুমাত্র খনি এলাকায় কর্মরত বড়পুকুরিয়া কোল মাইনিং কোং লিঃ (বিসিএমসিএল) ও মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোং লিঃ (এমজিএমসিএল) এর সকল কর্মকর্তা/কর্মচারী স্বাস্থ্য ঝুঁকি ভাতা হিসেবে মূল বেতনের ১০% হারে। |
| ১৯ | পালা ভাতা | পেট্রোবাংলার সকল কোম্পানীর কর্মকর্তাদের ৩০/-(ত্রিশ), কর্মচারীদের ১৫/-(পনের) টাকা (দিবাকালীন) এবং কর্মকর্তাদের ৫০/-(পঞ্চাশ) ও কর্মচারীদের ২৫/- (পঁচিশ) টাকা (নৈশ কালীন) পালা ভাতা। |
| ২০ | কোম্পানীতে চাকুরীরত অবস্থায় কোন দুরারোগ্য ব্যাধি/দূর্ঘটনার শিকার হলে চিকিৎসার ব্যয়ভার বহন সংক্রান্ত | পেট্রোবাংলার আওতাধীন কোম্পানীসমূহের ক্ষেত্রে কর্মকর্তা/কর্মচরীকে শুধু সরকারী হাসপাতাল তথা থানা স্বাস্থ্য কমপ্লেক্স/ সদর হাসপাতাল/মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসার যাবতীয় (খাদ্য ব্যতীত) ব্যয়। |
| ২১ | মেসিং চার্জ (ফিল্ড) | পেট্রোবাংলার কোম্পানী বাপেক্সে এর খনন প্রকল্প/ফিল্ড পার্টিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদেরকে দৈনিক ৩০০/-(তিনশত) টাকা মেসিং চার্জ। |
| ২২ | দূর্গম এলাকা ভাতা | পেট্রোবাংলার কোম্পানী বাপেক্সে এর খনন প্রকল্প ও ফিল্ড পার্টিতে কর্মরত কর্মকর্তাদেরকে মাসিক ২,৩০০/-(দুই হাজার তিনশত) ও কর্মচারীদেরকে ১,৮০০/-(এক হাজার আটশত) টাকা হার্ডশীপ ভাতা। |
| ২৩ | দাফন-কাফন, এককালীন আর্থিক সুবিধা | পেট্রোবাংলার সকল কোম্পানীর স্থায়ী কর্মকর্তা/কর্মচারী কর্তব্যরত অবস্থায় মৃত্যুবরণ করলে দাফন-কাফন বাবদ ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা (এককালীন)। |
| ২৪ | আয়কর | কোম্পানী আইন অনুযায়ী। |
| ২৫ | গাড়ী ক্রয় ঋণ স্কীম/সুবিধা | বিপিসির কোম্পানীগুলোর জন্য প্রণীত কার ঋণ স্কীম মোতাবেক সুবিধাটি পেট্রোবাংলা ও বিপিসির সকল কোম্পানীতে প্রদান করা যেতে পারে। |
| ২৬ | ভ্রমণ/দৈনিক/অবস্থান ভাতা | পেট্রোবাংলার কোম্পানীগুলোতে সরকরী বিধিবিধান মোতাবেক। |
| ২৭ | স্থায়ী বদলী ভাতা | অর্থ মন্ত্রণালয় কর্তৃক স্মারক নং-০৭.০০.০০০০.১৭৩.০৩৪.০১১.১১.২০০ তারিখ: ০২-১০-২০১১ মূলে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী সরকারী কর্মকর্তা কর্মচারীদের জন্য প্রযোজ্য স্থায়ী বদলী ভাতা পেট্রোবাংলা ও বিপিসির অধিনস্থ কোম্পানীসমূহে। |

** এমডি= ম্যানেজিং ডাইরেক্টর, জিএম= জেনারেল ম্যানেজার, ডিজিএম= ডেপুটি জেনারেল ম্যানেজার
বাপেক্সে=বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ।

২৮/৭/১৬
মোহাম্মদ আলী
সহকারী সচিব
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার